উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী
খানসামা, দিনাজপুর।

সভাপতি ঃ মোঃ তাজ উদ্দিন
ঃ উপজেলা নির্বাহী অফিসার
ঃ খানসামা, দিনাজপুর।
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ।
তারিখ ঃ ০৪/১২/২০২৩ খ্রিঃ
সময় ঃ বিকাল ৪.০০ ঘটিকা
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'

সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, খানসামা, দিনাজপুর মহোদয়কে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা কৃষি অফিসার, খানসামা, দিনাজপুর আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

আলোচ্য বিষয় ঃ
০১। ২০২৩-২৪ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে বোরো ধানের (হাইব্রিড ও উফশী) আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদানের জন্য ইউনিয়নওয়ারী জমি/চাষীর বিভাজন ও কর্মসূচী বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।

সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর মহোদয়ের স্মারক নং ১২.১৭.২৭০০.০৪১.১৬.১০০.২৩/২৮২৭; তাং- ২৯/১১/২০২৩ খ্রিঃ মোতাবেক সরকার ২০২৩-২৪ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে বোরো ধানের (হাইব্রিড ও উফশী) আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদানের জন্য কৃষি প্রণোদনা কর্মসূচী গ্রহণ করেছেন। ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে কর্মসূচীর নীতিমালা অনুযায়ী বোরো ধানের (হাইব্রিড) জন্য অনুমোদিত একজন চাষী পরিবারকে ১ (এক) বিঘা (৩৩ শতক) জমিতে চাষের জন্য ২ কেজি হাইব্রিড ধানের বীজ এবং বোরো ধানের (উফশী) জন্য অনুমোদিত একজন চাষী পরিবারকে ১ (এক) বিঘা (৩৩ শতক) জমিতে চাষের জন্য ৫ কেজি উফশী ধানের বীজ, ডিএপি সার ১০ কেজি ও এমওপি সার ১০ কেজি প্রদান করা হবে। ইউনিয়ন ভিত্তিক বোরো ফসল আবাদের পরিমাণের প্রতিবেদনের উপর ভিত্তি করে ২০২৩-২৪ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে বোরো ধানের (হাইব্রিড ও উফশী) আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ প্রদানের জন্য কৃষি পূনর্বাসন কর্মসূচীর ইউনিয়ন ভিত্তিক বিভাজন প্রস্তাবনা তৈরী করা হয়েছে যা নিম্নরূপঃ-

সারনিঃ ১

| ক্র: নং | ইউনিয়নের নাম | ফসলভিত্তিক জমির বিভাজন (বিঘা/জন) | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | বোরো ধান (হাইব্রিড) | বোরো ধান (উফশী) | |
| ০১. | আলোকঝাড়ী | ৩৩৫ | ৩৩৫ | বোরো ধানের (হাইব্রিড) জন্য অনুমোদিত একজন চাষী পরিবারকে ১ (এক) বিঘা (৩৩ শতক) জমিতে চাষের জন্য ২ কেজি হাইব্রিড ধানের বীজ এবং বোরো ধানের (উফশী) জন্য অনুমোদিত একজন চাষী পরিবারকে ১ (এক) বিঘা (৩৩ শতক) জমিতে চাষের জন্য ৫ কেজি উফশী ধানের বীজ, ডিএপি সার ১০ কেজি ও এমওপি সার ১০ কেজি প্রদান করা হবে। |
| ০২. | ভেড়ভেড়ী | ৩১৫ | ৩১৫ | |
| ০৩. | আঙ্গারপাড়া | ৩০০ | ৩০৫ | |
| ০৪. | খামারপাড়া | ১৯০ | ১৯০ | |
| ০৫. | ভাবকী | ২০৫ | ২০০ | |
| ০৬. | গোয়ালডিহি | ১৫৫ | ১৫৫ | |
| সর্বমোট= | | ১৫০০ | ১৫০০ | |

উপজেলা কৃষি অফিসার, খানসামা, দিনাজপুর মহোদয় কর্মসূচী বাস্তবায়নের শর্তাবলী ও নীতিমালা সভায় বিস্তারিত আলোচনা করেন। অতঃপর কৃষি পুনর্বাসন কর্মসূচীর সফল বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমুহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

০১. সারনি নং ১ এ প্রদত্ত ইউনিয়ন অনুযায়ী বিভাজন প্রস্তাবনা বিবরণী সভায় অনুমোদন করা হল।

০২. বিভাজন অনুসারে সংশ্লিষ্ট ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তা ক্ষুদ্র ও প্রান্তিক (প্রয়োজনে মাঝারি কৃষক) কৃষকের প্রাথমিক তালিকা প্রস্তুত করবেন এবং উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট অনুমোদনের জন্য আগামী ১০/১২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ২০২৩-২৪ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে বোরো ধানের (হাইব্রিড ও উফশী) কৃষকের প্রাথমিক তালিকা প্রেরণ করবেন।

০৩. উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদনের পর প্রত্যেক কৃষকের স্টাম্প সাইজ ছবি ও মোবাইল নম্বর এবং কৃষি উপকরণ সহায়তা কার্ডের ভর্তুকী অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয়পত্র নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। সকল প্রকার উপকরণ নীতিমালা অনুযায়ী মাষ্টাররোলের মাধ্যমে উপজেলা সদর দপ্তর হতে বিতরণ করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪/১২/২০২৩

(মোঃ তাজ উদ্দিন)
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

পরিশিষ্ট 'ক'

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভার সদস্যগনের উপস্থিতি

সভার তারিখঃ ০৪/১২/২০২৩ ইং

স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।

সময়ঃ বিকাল ৪.০০ ঘটিকা

| ক্রমিক নং | পদবী /কর্মস্থল | স্বাক্ষরিত |
|---|---|---|
| ১. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, খানসামা, দিনাজপুর। | " |
| ২. | উপজেলা মৎস্য অফিসার, খানসামা, দিনাজপুর। | " |
| ৩. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, খানসামা, দিনাজপুর। | " |
| ৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। | " |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, খানসামা, দিনাজপুর। | " |

স্মারক নংঃ ১২.১৮.২৭৬০.০৪১.৩৮.০০১.২৩/ ৮১২৫

তারিখঃ ০৪/১২/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

১. জনাব আবুল হাসান মাহমুদ আলী, এমপি-৯, দিনাজপুর-৪।
২. জেলা প্রশাসক, দিনাজপুর।
৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, দিনাজপুর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
৭. উপজেলা........................................ অফিসার, খানসামা, দিনাজপুর।
৮. জনাব......................................, চেয়ারম্যান, .......................... ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
৯. ...................................উপ-সহকারী কৃষি অফিসার, ব্লক..................খানসামা, দিনাজপুর।

04/12/2023

(ইয়াসমিন আক্তার)
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
খানসামা, দিনাজপুর।